কোটচাঁদপুরে উৎসব মূখর পরিবেশে শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ

“শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ হাসিনার বাংলাদেশ” এই প্রতিপাদ্য নিয়ে সারা দেশের ন্যায় ঝিনাইদহের কোটচাদপুর উপজেলার বিভিন্ন স্কুল-মাদরাসায় উৎসব মূখর পরিবেশে বই বিতরণ করা হয়েছে।

বুধবার বেলা ১২ টার দিকে কোটচাঁদপুর সরকারি মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের আয়োজনে বিদ্যালয় মিলনায়তনে শিক্ষার্থীদের হাতে বছরের নুতন বই তুলে দেয়া হয়।

প্রধান শিক্ষক মোঃ মফিজুর রহমানের সভাপতিত্বে বই বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার ও কোটচাঁদপুর সরকারি মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি নাজনীন সুলতানা।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ রতন মিয়া, সহকারি প্রধাণ শিক্ষক এমদাদুল হক, প্রেসক্লাব সভাপতি শেখ নজরুল ইসলাম,সাংবাদিক এসএম রায়হান উদ্দীন প্রমূখ।

অপরদিকে উপজেলার পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয় মিলনায়তনে আনুষ্ঠানিক ভাবে উৎসব মূখর পরিবেশে বই বিতরণ করা হয়।

বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ গোলাম সরওয়ারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ রতন মিয়া, বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ ইসাহাক আলী, সহকারি প্রধান শিক্ষক হুমায়ন কবির,সাংবাদিক মঈন উদ্দীন খানসহ শিক্ষক-শিক্ষার্থীরা।

এবছর উপজেলার ২২ টি মাধ্যমিক ৩ টি নিম্ন মাধ্যমিক ও ৯ টি মাদরাসায় ১ লক্ষ ৪৮ হাজার ৩’শ বই বিতরণ করা হয়।

– মঈন খান.কোটচাঁদপুর

কোটচাঁদপুরে ট্রাকের ধাক্কায় বাইসাইকেল আরোহী নিহত

ঝিনাইদহের কোটচাঁদপুরে ট্রাকের ধাক্কায় জাহিদুল ইসলাম (৪০) নামে এক বাইসাইকেল আরোহী নিহত হয়েছেন।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার দিকে পৌর শহরের রুদ্রপুর গ্রামে এ দূঘটনা ঘটে। নিহত জাহিদুল উপজেলার জগদেশপুর গ্রামের জয়নাল মন্ডলের ছেলে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানাযায়, বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার দিকে জাহিদুল ইসলাম বাড়ী থেকে বাইসাইকেল যোগে কলেজ বাসষ্টান্ড এলাকায় নিজ ব্যবসা প্রতিষ্ঠানে আসছিলেন।

এসময় পিছন দিক থেকে আসা (ঝিনাইদহ-ট-১১-১৩৩৫) নাম্বারের একটি ট্রাক তাকে সজোরে ধাক্কা দিলে রাস্তার উপর ছিটকে পড়ে। এবং মাথায় গুরতর আঘাত পান।

স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

কোটচাঁদপুর থানার ইন্সপেক্টর (তদন্ত) ইমরান আলম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, এঘটনায় কোটচাঁদপুর থানায় একটি অপমৃত্যুর মামলা হয়েছে।

- কোটচাঁদপুর প্রতিনিধি